



২০১৪ সালের রামনাথ বিশ্বাস স্মৃতি সাহিত্য পুরস্কার প্রাপ্ত শ্রী শ্যামলকান্তি দাশ

জন্ম ১৯৫১ সালের ৩ নভেম্বর পশ্চিমবঙ্গের অঞ্চল মেদিনীপুর জেলায় এক প্রত্যন্ত গ্রামে। বাবা পুরুষোত্তমপ্রসাদ দাশ, মা শেফালি দাশ। দুজনেই প্রয়োত। স্ত্রী শুভ্রা দাশ।

শিক্ষা বিশ্বপ্রিয়া প্রথমিক বিদ্যালয়, রাজনগর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, মহিযাদল রাজ কলেজ, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় (অসমাণ্ড)। কর্মজীবন শুরু সুনীল গঙ্গোপাধ্যায় সম্পাদিক মাসিক ‘কৃত্তিবাস’ পত্রিকায়। মধ্যে অল্প কিছুদিন মাধ্যমিক স্কুলে শিক্ষকতা। পরে আনন্দবাজার পত্রিকা সংস্থায় যোগদান। প্রায় ২৮ বছর সাংবাদিকতার পর স্বেচ্ছা-অবসর। অতঃপর ২০০৪ সালে তাঁর সম্পাদনায় প্রকাশিত হয় ‘কবির কাগজ কবিতার কাগজ’ মাসিক ‘কবিসম্মেলন’। সম্পাদকের সুচিস্থিত পরিকল্পনায় বিশিষ্ট কবি ও গদ্যলেখকদের সৃষ্টিশীল অবদানে সমৃদ্ধ পত্রিকাটি দশ বছর অতিক্রান্ত হওয়ার পর এখনও সঙ্গীর এবং জনপ্রিয়তাও ক্রমবর্ধমান। ইতিমধ্যে সুনীল গঙ্গোপাধ্যায় সম্পাদিত ‘চির সবুজ লেখা’ (পশ্চিমবঙ্গ শিশু কিশোর আকাদেমির মুখ্যপত্র) পত্রিকার সম্পাদকমণ্ডলীর সঙ্গে যুক্ত হয়ে প্রায় সাড়ে তিনি বছর কাজের অভিজ্ঞতা।

প্রথম কবিতা প্রকাশিত হয় ‘পাঠ্টশালা’ পত্রিকায়, ১৩৭২ বঙ্গাব্দের বৈশাখ মাসে। কবিতার নাম ‘এই তো আমার পণ’।

প্রথম কাব্যগ্রন্থ ‘কাগজকুটি’, প্রকাশ পায় ১৯৭৬ সালে।

ছোটদের কবিতায়ও শ্যামলকান্তির নিজস্বতা ও উজ্জ্বল বৈশিষ্ট্য প্রশংসনীয়। উপহার দিয়েছেন বেশকিছু অনবদ্য ছড়া। চমৎকার তাঁর ছন্দের জ্ঞান। বড়দের ও ছোটদের মিলিয়ে তাঁর কবিতার বইয়ের সংখ্যা ৩৫। এর মধ্যে উল্লেখযোগ্য ‘কাগজকুটি’, ‘প্রেমের কবিতা’, ‘ভূতের চরণে’, ‘আমাদের কবিজন্ম’, ‘সরল কবিতা’, ‘ছেট শহরের হাওয়া’, ‘দূর থেকে লিখি’, ‘বোকা মেয়ের জন্য’, ‘চলে যায় দিন’, ‘পুলকিত যামিনী’, ‘একলা পাগল’, ‘নির্বাচিত কবিতা’, ‘শ্রেষ্ঠ কবিতা’ প্রভৃতি। বাংলাদেশেও শ্যামলকান্তির জনপ্রিয়তার প্রমাণ সেখান থেকে প্রকাশিত ‘স্বনির্বাচিত কবিতা’, ‘বন্ধুর মুখোশে বন্ধু’, ‘ভেসে বেড়াবার আনন্দ’, ‘বুপসি দিদির গানের বাড়ি’, ‘প্রিয় ১০০ কবিতা’, ও ‘ধানী পটকা’ (বড়দের ছড়া)।

ছোটদের জন্য লেখা তাঁর কবিতার বইয়ের মধ্যে রয়েছে ‘বাবইবাবু’, ‘চাইছি ঘড়ি মাঙ্গা সুতো’, ‘পাতায় মোড়া বাঁশি’, ‘পাখি

সব করের ব’ বাঘের গায়ে হলদে জামা’, ‘শ্রেষ্ঠ ছড়া’ এবং বাংলাদেশ থেকে প্রকাশিত ‘আমপাতা জামপাতা’ ও ‘মনে কর ঘুমিয়ে আছিন্তা’।

বেশ কয়েকটি পত্রিকা সম্পাদনা করেছেন। ‘কবিসম্মেলন’ ছাড়াও তার মধ্যে উল্লেখযোগ্য ‘প্রতীতি’, ‘জনপদ’, ‘কবিতা সংবাদ’, ‘কনসার্ট’, ‘আঘাজ’ প্রভৃতি। সম্পাদিত নানা বিষয়ের বইয়ের সংখ্যা একশোরও বেশি। সম্পাদিক কয়েকটি উল্লেখযোগ্য বই: ‘হাজার কবিতা হাজার কবিতা’, ‘বিশ্ব শতাব্দীর শ্রেষ্ঠ কবিতা’, ‘লেখক সতজাঙ্গিৎ রায়’, ‘আহাদে আটখানা’, ‘দুই বাংলার প্রাপ্তের কবিতা’, ‘দুই বাংলার আবৃত্তির কবিতা’, ‘১০০ ছড়া ১০০ ছবি’, ‘ছোটদের আবৃত্তির কবিতা’, ‘চেনা সুনীল অচেনা সুনীল’, ‘সুনীল গঙ্গোপাধ্যায়’ প্রভৃতি।

কবি ও কবিতা নিয়ে নানারকম কাজে শ্যামলকান্তি সর্বদাই অক্রান্ত। সত্ত্বপতি অথবা সাধারণ সম্পাদক হিসেবে বিভিন্ন সংগঠনের সঙ্গে যুক্ত ছিলেন ও রয়েছেন। এর মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি হল ‘সৌহার্দ্য ৭০’, ‘সারা ভারত কবিতা উৎসব’, ‘বিশ্ব বাংলা কবিতা উৎসব’, ‘সারা বাংলা শিশু সাহিত্য উৎসব’, ‘সারা বাংলা তরণ লেখক সম্মেলন’ প্রভৃতি।

অজন্ম সম্মান ও পুরস্কারে ভূষিত। তার মধ্যে রয়েছে: জীবনানন্দ পুরস্কার, বিষ্ণু দে পুরস্কার, সাহিত্য সেতু পুরস্কার, তুষার রায় পুরস্কার, মঙ্গল দশশুণ্পু স্মৃতি পুরস্কার, ‘কিশোর ভারতী’ পত্রিকার সাধারণ চট্টোপাধ্যায় পুরস্কার, লেখক সম্মতি পুরস্কার (ঢাকা, বাংলাদেশ), সীমান্ত সাহিত্য পুরস্কার, নিখিল ভারত শিশু সাহিত্য সংসদ সম্মাননা, আনন্দ প্রোসেম পুরস্কার (শারদীয় ‘দেশ’ পত্রিকায় প্রকাশিত ‘কৃষ’ কবিতার জন্য), শিবরাম চতুর্বর্তী স্মৃতি পুরস্কার (মালদহ), শিশু সাহিত্য পরিষদ পুরস্কার, তেপাস্ত্র পুরস্কার, ড. ওয়াজেদ স্মৃতি পুরস্কার (ঢাকা, বাংলাদেশ), আনিকা ইউসুফজাই স্মৃতি পুরস্কার (টাঙ্গাইল, বাংলাদেশ), ভারতীয় যুক্তিবাদী সমিতি পুরস্কার, ত্রিবুত পুরস্কার (কোচবিহার, দুবাৰ, কবিতা ও সম্পাদনার জন্য), কবি রায়গুণাকর ভারতচন্দ্র পুরস্কার ইত্যাদি।

২০০৯ সালে পেয়েছেন ভারত সরকার প্রদত্ত ‘জাতীয় কবির সম্মান, গুয়াহাটিতে আয়োজিত এক অনুষ্ঠানে।

দেশ-বিদেশের নানা ভাষায় অনুদিত এবং বিদেশের বিভিন্ন সংকলনে অন্তর্ভুক্ত হয়েছে শ্যামলকান্তির একাধিক কবিতা।